

একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
হাসপাতাল-২ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং-৪৫.১৫৫.১১৪.০০.০০.০৯.২০১৫-৬০০

তারিখঃ ১২-১০-২০১৫ খ্রিঃ

প্রজ্ঞাপন

হাসপাতালের সুষ্ঠু ব্যবস্থাপনা ও চিকিৎসা সেবার মান উন্নয়নের লক্ষ্যে উপজেলা হাসপাতালসমূহে ০৫-০৪-২০০৯ খ্রিঃ তারিখের নং-হাস-২/তদারকি কমিটি-১/২০০৭/১৯০ সংখ্যক প্রজ্ঞাপন দ্বারা গঠিত ব্যবস্থাপনা কমিটি সরকার নিম্নরূপভাবে পুনর্গঠন করলেনঃ

উপজেলা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটিঃ

১। সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার মাননীয় সংসদ সদস্য	: সভাপতি
২। সংশ্লিষ্ট উপজেলার (যদি থাকেন) সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্য	: সহ-সভাপতি
৩। চেয়ারম্যান (নির্বাচিত), উপজেলা পরিষদ	: সহ-সভাপতি
৪। উপজেলা নির্বাহী অফিসার	: সদস্য
৫। মেয়র পৌরসভা (যদি থাকেন)	: সদস্য
৬। একজন মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	: সদস্য
৭। থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা	: সদস্য
৮। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা	: সদস্য
৯। আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স	: সদস্য
১০। মেডিকেল অফিসার (এমসিএইচ)	: সদস্য
১১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা	: সদস্য
১২। নার্সিং সুপারভাইজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স	: সদস্য
১৩। পৌরসভার স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর (যদি থাকেন)	: সদস্য
১৪। উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের একজন প্রতিনিধি	: সদস্য
১৫। একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান {মহিলা চেয়ারম্যান (অগ্রাধিকার)} কিংবা উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত	: সদস্য
১৬। একজন এন.জি.ও. প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)	: সদস্য
১৭। সভাপতি, প্রেস ক্লাব (যদি থাকেন)	: সদস্য
১৮। একজন বিশিষ্ট গণ্যমান্য ব্যক্তি	: সদস্য
১৯। নার্সিং এর প্রতিনিধি (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান)	: সদস্য
২০। ৩য় শ্রেণীর একজন প্রতিনিধি (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান)	: সদস্য
২১। ৪র্থ শ্রেণীর একজন প্রতিনিধি (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান)	: সদস্য
২২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা	: সদস্য-সচিব

০২। কমিটির কার্যপরিধি-

- ১। কমিটির সভাপতির অনুমতি সাপেক্ষে সদস্য-সচিব সভা আহ্বান করবেন।
- ২। সভাপতির অবর্তমানে বা তাঁর অনুমতিক্রমে সহ-সভাপতি এ কমিটির সভা পরিচালনা করতে পারবেন।
- ৩। কমিটি মাসে ন্যূনতম একবার আলোচনায় মিলিত হবেন।
- ৪। কমিটি প্রয়োজনবোধে সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে, তবে তার সংখ্যা কোনভাবেই তিন জনের বেশী হবে না। কমিটিতে মহিলা সদস্য অন্তর্ভুক্তির প্রচেষ্টা করতে হবে।
- ৫। মূল কমিটির ন্যূনতম সাতজনের উপস্থিতিতে কমিটির কোরাম পূর্ণ হবে।
- ৬। কমিটি উপজেলা হাসপাতাল হতে প্রদত্ত সেবার (নিরাময় ও প্রতিষেধক) পরিমাণগত ও গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করবে। বিশেষতঃ বীর মুক্তিযোদ্ধা, হতদরিদ্র, মহিলা ও শিশু, বৃদ্ধ ও সুবিধা বঞ্চিতদের সেবা সুনিশ্চিত করবে।
- ৭। কমিটি স্থানীয়ভাবে সম্পদ আহরণ, রক্ষণ ও ব্যবহার করতে পারবেন। সরকার কর্তৃক বরাদ্দ সম্পদের (মানব সম্পদ, ঔষধ, যন্ত্রপাতি, আসবাবপত্র, স্থাপনা ইত্যাদি) সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করবে।
- ৮। কমিটি সংশ্লিষ্ট হাসপাতালের অনুমোদিত বাজেট এর মধ্যে বার্ষিক কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

৯। কমিটি প্রয়োজন বোধে বিশেষ দায়িত্ব পালনের লক্ষ্যে নির্দিষ্ট সময়ের জন্য কমিটির অহত্বর্জ/বাইরের ব্যক্তির সমন্বয়ে উপ-কমিটি গঠন করতে পারবে।

১০। উপজেলা ও তার নিম্নস্তরের চিকিৎসা/স্বাস্থ্য সেবা প্রদানকারী অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন, পরিবীক্ষণ এবং পর্যবেক্ষণ করবে।

০৩। এ আদেশ দ্বারা বিগত ০৫-০৪-২০০৯ খ্রিঃ তারিখের নং-হাস-২/তদারকি কমিটি-১/২০০৭/১৯০ সংখ্যক স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনটি বাতিল করে এ নতুন প্রজ্ঞাপন জারী করা হলো।

০৪। এ আদেশ জনস্বার্থে জরী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
১৩/০৪/২০১৫  
(রেহানা ইয়াছমিন)  
উপ-সচিব  
ফোনঃ ৯৫৫৬৯৮৯

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব, সংসদ সচিবালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ প্রজ্ঞাপন কমিটির সভাপতি/সদস্যবৃন্দের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। জেলা প্রশাসক (সকল)।
- ৪। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ৬। সিভিল সার্জন (সকল)।
- ৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্ম-সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।